দৈনিক খবর
43
তারিখ ... 16 JUL 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2

# এইচএসসি ইংরেজী পরীক্ষাঃ পাঁচ হাজারেরও বেশী বহিষ্কার

॥ স্টাফ রিপোর্টার ॥

এইচ এস সি পরীক্ষার দ্বিতীয় দিনে ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষায় গতকাল রোববার চারটি শিক্ষা বোর্ডের বিভিন্ন কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে পাঁচ সহস্রাধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নকল সরবরাহসহ অসদুপায় অবলম্বনে সহযোগিতার অভিযোগে একজন শিক্ষক ও দু'জন পরীক্ষার্থীসহ ১৩ জনকে গ্রেফতার ও চারজন শিক্ষককে বহিষ্কারের খবর পাওয়া গেছে। কোথাও বড় ধরনের কোন গোলযোগের খবর পাওয়া যায়নি।

শেষ খবর পাওয়া পর্যন্ত ঢাকা বোর্ডের ৯০টি কেন্দ্রে ১২৪৪ জন, কুমিল্লা বোর্ডের ৪৫টি কেন্দ্রে ১২৫৮ জন, রাজশাহী বোর্ডের ৪৮টি কেন্দ্রে ১২৮৫ জন ও যশোহর বোর্ডের ৩১টি কেন্দ্রে ২৭৫ জনকে বহিষ্কার করা হয়েছে।

ঢাকা বোর্ড সূত্রে জানা গেছে, বোর্ডের ৯০টি কেন্দ্রে নকলের দায়ে ১ হাজার ২৪৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া নকল সরবরাহের দায়ে দু'জন বহিরাগতকে গ্রেফতার করা হয়েছে। ঢাকা বোর্ডে বড়

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## ৫ হাজারেরও

প্রথম পৃষ্ঠার পর

ধরনের কোন গোলযোগের খবর পাওয়া যায়নি।

মানিকগঞ্জ থেকে শাহীন চৌধুরী জানান, জেলার ৮টি কেন্দ্রে গতকাল ৭৮ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। ঘিওর ডিগ্রী কলেজ কেন্দ্রে নকল সরবরাহের দায়ে একজন বহিরাগতকে ছুরিসহ গ্রেফতার করা হয়েছে। মতিলাল মহাবিদ্যালয় কেন্দ্রে একজন পরীক্ষার্থী নকল ধরার পরে উত্তরপত্র নিয়ে দৌড় শুরু করলে পুলিশ আটক করে মহাদেবপুর ডিগ্রী কলেজ কেন্দ্রে একজন বহিরাগতকে গ্রেফতার করে ভ্রাম্যমাণ আদালত তিনশ' টাকা জরিমানা করেছে। অনাদায়ে ৩ মাসের সশ্রম কারাদন্ড দেয়া হয়েছে।

মুন্সীগঞ্জ থেকে শহীদুল্লাহ শহীদ জানান, জেলার ৬টি কেন্দ্রে ৪৮জনকে বহিষ্কার করা হয়েছে। মুন্সীগঞ্জ সদরে ৬ জন, টঙ্গীবাড়ীতে ১০ জন, শ্রীনগরে ১২ জন, সিরাজদিখান উপজেলায় ৪ জন, লৌহজংয়ে ১ জন ও গজারিয়া উপজেলায় ১৫ জনকে বহিষ্কার করা হয়।

### কুমিল্লা বোর্ড

কুমিল্লা থেকে আবুল কাশেম ও রেজাউল করিম শামীম জানান, এইচ এস সি পরীক্ষার দ্বিতীয় দিনে ব্যাপক গণটোকাটুকি হয়েছে। বোর্ডের কেন্দ্রের ৪৫টি কেন্দ্রে নক
১২৫৮ জনকে বহিষ্কা
গেছে। নকল স
হোমনা কলেজ
শিক্ষককে বহি
এছাড়া বিভিন্ন স্থা
দায়ে ৬ জন বহির
করা হয়।

অন্যদিকে কুমিল্লা জেলার ১৭টি কেন্দ্রের মধ্যে ১৫টি কেন্দ্রে ৮৯৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কুমিল্লা সরকারী ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা সরকারী কলেজ, কুমিল্লা মহিলা কলেজ, অজিতগুহ কলেজ, দাউদকান্দি কলেজ, চৌদ্দগ্রাম কলেজসহ বিভিন্ন কেন্দ্রে এ বহিষ্কার করা হয়।

দেবীদ্বার সহকারী সাবজজের একজন নাজিরকে নকল সরবরাহের দায়ে গ্রেফতার করা হয়েছে।

খবর সংবাদদাতা এ এম হেলাল উদ্দিন জানান, চাঁদপুরের ৬টি পরীক্ষা কেন্দ্র হতে অসদুপায় অবলম্বনের দায়ে ৯২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে হাজীগঞ্জ হতে ২১ জন, মতলব হতে ১৭ জন, শাহরাস্তী হতে ২১ জন, চাঁদপুর সদর হতে ১৫ জন, ফরিদগঞ্জ হতে ৩ জন, কচুয়া হতে ১৫ জন।

এ ছাড়া নকল সরবরাহ করার সময় মতলব ডিগ্রী কলেজের অধ্যাপক হরিকৃষ্ণ তরফদারকে নকলসহ হাতেনাতে গ্রেফতার করা হয়েছে।

### সিলেট

'খবর'-এর সিলেট অফিস জানায়ঃ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল সিলেটের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে সর্বমোট ৫৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। সকালে ইংরেজী ১ম পত্রের পরীক্ষা চলাকালীন সময়ে সিলেটের মদন মোহন কলেজ কেন্দ্র থেকে ১০, সরকারী কলেজ কেন্দ্র থেকে ৪, তাজপুর কলেজ থেকে ৪, বিয়ানী বাজার কলেজ কেন্দ্র থেকে ৫ জন, ঢাকা দক্ষিণ থেকে ৪ জন, জৈন্তাপুর কেন্দ্রে ৩ জন ও বিশ্বনাথ কলেজে ২ জন পরীক্ষার্থীসহ মোট ৩৯ জনকে অসদুপায় অবলম্বনের দায়ে কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়।

একই কারণে বিকেলে ইংরেজী ২য় পত্রের পরীক্ষায় মদনমোহন কলেজে ১০ জন, বিয়ানী বাজার কলেজ কেন্দ্রে ৭ জন ও ফেঞ্চুগঞ্জ

## বেশী বহিষ্কার

কেন্দ্র থেকে দু'জন পরীক্ষার্থীসহ এ দিনের পরীক্ষায় ৫৮ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

### যশোর বোর্ড

যশোর শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, গতকাল দ্বিতীয় দিনের পরীক্ষায় বোর্ডের বিভিন্ন কেন্দ্রে নকলের দায়ে প্রায় ৫শ' জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। গতকাল রাত ৯টা পর্যন্ত প্রাপ্ত খবরে মোট ১২৮টি কেন্দ্রের মধ্যে ৩১টি কেন্দ্রে ২৭৫ জনকে বহিষ্কারের কথা জানা গেছে। খুলনা থেকে মকবুল হোসেন মিন্টু জানান, গতকাল দ্বিতীয় দিনে নগরীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ৪২ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে সুন্দরবন কলেজ থেকে ১৪ জন, সিটি কলেজ থেকে ১২ জন, দৌলতপুর দিবা-নৈশ কলেজ থেকে ১৫ জন ও পাইওনিয়ার কলেজ থেকে ১১ জন। এ ছাড়া খুলনার বিভিন্ন উপজেলা থেকে ২৭ জনকে বহিষ্কার করা হয়েছে।

### রাজশাহী বোর্ড

রাজশাহী শিক্ষা বোর্ড সূত্রে গতকাল রাত ৯টায় প্রাপ্ত তথ্যে জানা গেছে, বোর্ডের মোট ১৪২টি কেন্দ্রের মধ্যে ৪৮টি কেন্দ্রে গতকাল দ্বিতীয় দিনে ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষায় ১ হাজার ২৮৫ জনকে বহিষ্কার করা হয়েছে। নকল সরবরাহের দায়ে বগুড়ার শিবগঞ্জে দু'জন ও দুবতাতিয়ায় একজন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। অন্য কোথাও বড় ধরনের কোন গোলযোগের খবর পাওয়া যায়নি।